

বিশিষ্ট শিক্ষাবিদ, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও শ্রমিক নেতৃত্বের ব্যক্তিদের মৃত্যুতে বাসদ এবং শ্রমিক ফ্রন্টের শোক ও শ্রদ্ধা জ্ঞাপন


শফিউদ্দিন আহমেদ



সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সভাপতি রাজেকুজ্জামান রতন ও সাধারণ সম্পাদক আহসান হাবিব বুলবুল ১৫ নভেম্বর এক বিবৃতিতে জাতীয় শ্রমিক ফেডারেশনের সাবেক সাধারণ সম্পাদক ও বিশিষ্ট শ্রমিকনেতা শফিউদ্দিন আহমেদের মৃত্যুতে গভীর শোক ও তার প্রতি শ্রদ্ধা জানিয়ে বিবৃতি প্রদান করেছেন। উল্লেখ্য, ১৪ নভেম্বর রাতে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন।

নেতৃত্বদ্বন্দ্বিতা ট্রেড ইউনিয়ন আন্দোলন সংগঠিত করা এবং শ্রমিকশ্রেণির স্বার্থে আপসহীন লড়াইতে শফিউদ্দিন আহমেদের প্রচেষ্টার কথা শ্রদ্ধাভরে স্মরণ করে বলেন, তাঁর মৃত্যুতে বাংলাদেশের শ্রমিকশ্রেণি একজন নিষ্ঠাবান, অকৃত্রিম বন্ধুকে হারাল। নেতৃত্বদ্বন্দ্বিতা শফিউদ্দিন আহমেদের শোকাহত পরিবার ও রাজনৈতিক সহকর্মীদের প্রতিও সমবেদনা জানান।

শাহ্ আতিউল ইসলাম



বাসদ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক কমরেড খালেকুজ্জামান ২২ অক্টোবর এক বিবৃতিতে বাংলাদেশ ট্রেড ইউনিয়ন ফেডারেশন-টাফ এর সভাপতি বিশিষ্ট শ্রমিকনেতা কমরেড শাহ্ আতিউল ইসলামের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর শোকসন্তপ্ত পরিবার ও রাজনৈতিক সহকর্মীদের প্রতি সমবেদনা জানিয়েছেন।

কমরেড খালেকুজ্জামান বলেন, পুঁজিবাদী সর্বগ্রাসী আক্রমণের এ সময়ে যখন নির্লোভ, নির্মোহ চরিত্রের নেতৃত্বের ভীষণ সংকট চলছে তখন শাহ্ আতিউল ইসলামের মতো আপসহীন, প্রচারবিমুখ, সাহসী ও দৃঢ়চেতা নেতৃত্বের প্রয়াণ দেশের সর্বহারাশ্রমিক জন্য অপূরণীয় ক্ষতি।

বিবৃতিতে তিনি মরহুম শাহ্ আতিউল ইসলামের স্বপ্ন শোষণহীন সাম্য সমাজ প্রতিষ্ঠার সংগ্রামকে আরও বেগবান করার জন্য শ্রমিকশ্রেণির প্রতি আহ্বান জানান।

শ্যামল ভট্টাচার্য্য



বাসদ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক কমরেড খালেকুজ্জামান ৫ নভেম্বর এক বিবৃতিতে বিশিষ্ট শিক্ষাবিদ, বুদ্ধিজীবী, সাংস্কৃতিক ব্যক্তিত্ব শ্যামল ভট্টাচার্য্যের মৃত্যুতে গভীর শোক ও তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, পুঁজিবাদী সমাজের ভোগবাদী মানসিকতা তখন সর্বগ্রাসী রূপ নিয়ে চারদিক থেকে আক্রমণ করছে, যখন নির্লোভ, নির্মোহ চরিত্রের মানবদরদী শ্যামল ভট্টাচার্য্যের মতো আপসহীন, প্রচারবিমুখ, সাহসী ও দৃঢ়চেতা নির্লোভ, নির্মোহ, মানবদরদী সংস্কৃতিমণ্ডিত শিক্ষানুরাগী মানুষের প্রয়াণ দেশের প্রগতিশীল আন্দোলনের জন্য এক অপূরণীয় ক্ষতি হলো। কমরেড খালেকুজ্জামান শ্যামল ভট্টাচার্য্যের স্বপ্ন মুক্তিযুদ্ধের চেতনার শোষণহীন বাংলাদেশ প্রতিষ্ঠার সংগ্রামে নিয়োজিত থেকে তাঁর প্রতি শ্রদ্ধা জানানোর আহ্বান জানান।

হায়দার আনোয়ার খান জুনো



বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব গণসংস্কৃতিক ফ্রন্টের সভাপতি হায়দার আনোয়ার খান জুনো'র মৃত্যুতে বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ এর শোক প্রকাশ।

মুক্তিযুদ্ধের সংগঠক, প্রগতিশীল আন্দোলনের অন্যতম নেতা ও বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব হায়দার আনোয়ার খান জুনো'র মৃত্যুতে বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ এর সাধারণ সম্পাদক কমরেড খালেকুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন। ২৯ অক্টোবর '২০ সংবাদপত্রে দেয়া এক শোক বিবৃতিতে তিনি বলেন, বাংলাদেশের স্বাধীনতা ও সমাজপ্রগতির প্রতিটি আন্দোলনে হায়দার আনোয়ার খান জুনো সম্মুখ সারির যোদ্ধা ছিলেন। তার সংগ্রামী জীবনের প্রতি আমাদের শ্রদ্ধা রইলো। প্রগতিশীল সাংস্কৃতিক আন্দোলনে তাঁর ভূমিকা ও

অবদান দেশের মানুষ শ্রদ্ধার সাথে স্মরণ করবে।